Total number of printed pages–4

1 (Sem–2/FYUGP) BEN 21 MJ

ANANDARAM DHEKIL PHOOKAN COLLEGE LIBRARY
Acc. No.
Date
Nagaon · Assam

2026

BENGALI

(Major)

Paper : BEN4200104MJ

(উনিশ শতকের বাংলা সাহিত্য পাঠ)

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর লেখো ঃ ১×৮=৮

(ক) "বন-নিবাসিনী দাসী নমে রাজপদে।" — দাসী কে?

(খ) জনার পুত্রের নাম কী?

(গ) ইন্দ্রের সারথীর নাম কী?

(ঘ) "আমরা বনবাসী বটে, কিন্তু লৌকিক ব্যাপারে নিতান্ত অনভিজ্ঞ নহি।" — বক্তা কে?

(ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের শেষ খণ্ডের শেষ পরিচ্ছেদের শিরোনাম কী ছিল লেখো।

(চ) পদ্মাবতীর পিতার নাম কী?

(ছ) নকুলেশ্বরের পেশা কী ছিল?

(জ) "Creating a concourse of hypocrites" — বক্তা কে?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো ঃ
(যে-কোনো ছয়টি) ২×৬=১২

(ক) "কি গুণে তুমি পূজ, রাজরথি,
নরনারায়ণ-জ্ঞানে?" — এখানে তুমি বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কাকে নরনারায়ণ-জ্ঞানে পুজো করেছেন?

(খ) "গবাক্ষে দ্বিরদ-রদ, রতন কপাটে!" — উদ্ধৃতাংশের 'গবাক্ষ' ও 'দ্বিরদ-রদ' শব্দ *দুটির* অর্থ লেখো।

(গ) "তবে আমি ইঁহাকে প্রসবকাল পর্যন্ত, আমার আলয়ে রাখি।" — কে কাকে একথা বলেছেন?

(ঘ) "দুই তপস্বী উচ্চৈঃস্বরে কহিতে লাগিলেন, মহারাজ! এ আশ্রমমৃগ বধ করিবেন না, বধ করিবেন না।" —তপস্বী *দুজনের* নাম উল্লেখ করো।

NIRANJAN DHEKIL PHOOKAN COLLEGE LIBRARY Acc. No. Date Nagaon, Assam

(ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের খণ্ড ও পরিচ্ছেদ সংখ্যা উল্লেখ করো।

(চ) মতিবিবির দাসী ও বাল্যসখীর নাম উল্লেখ করো।

(ছ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে উপস্থিত একজন ঐতিহাসিক পুরুষ ও নারী চরিত্রের নাম লেখো।

(জ) অটলের স্ত্রী ও বোনের নাম লেখো।

(ঝ) "Little learning is a dangerous thing
Drink deep or taste not the Pierian spring."
'সধবার একাদশী' নাটকের কোন্ চরিত্র এই উক্তি করেছেন? তিনি কোন্ কবির কবিতা-পংক্তি উদ্ধৃত করেছেন?

(ঞ) "কতকগুলিন নাম কাটা সেপাই ঢুকেছেন।"
— উদ্ধৃতাংশ অনুসরণে *যে-কোনো দুটি* 'নাম কাটা সেপাই'-এর নাম উল্লেখ করো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ *(যে-কোনো চারটি)* ৫×৪=২০

(ক) "হে বিধাতঃ এই কি রে ছিল তোর মনে?
এই কি রে ফলে ফল প্রেমতরু শাখে?"
— উদ্ধৃতাংশের নিহিতার্থ বিশ্লেষণ করো।

(খ) 'পুরুরবার প্রতি উর্বশী' পত্রকবিতা অনুসরণে রাজার প্রতি উর্বশীর আনুগত্যের পরিচয় দাও।

(গ) 'শকুন্তলা' গ্রন্থের কাহিনি অনুসরণে দুষ্মন্ত কর্তৃক শকুন্তলা প্রত্যাখ্যানদৃশ্যের বর্ণনা দাও।

(ঘ) 'শকুন্তলা' গ্রন্থের ষষ্ঠ পরিচ্ছেদে ধনমিত্রের কাহিনির মাধ্যমে 'শকুন্তলা' গ্রন্থের কোন্ উদ্দেশ্য সিদ্ধ হয়েছে আলোচনা করো।

(ঙ) "যদি জানিতাম যে স্ত্রী-লোকের বিবাহ দাসীত্ব তবে কদাপি বিবাহ করিতাম না।" — 'কপালকুণ্ডলা' উপন্যাসে কে এই মন্তব্য করেছেন? প্রসঙ্গ উল্লেখ করে তাঁর এরূপ মন্তব্যের কারণ আলোচনা করো।

(চ) পেষমন চরিত্র সংক্ষেপে আলোচনা করো।

(ছ) 'সধবার একাদশী' নাটকে কেনারাম ডিপুটি চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

(জ) "বড়মানুষের বাড়ীর ভিতর যাওয়াও যে, কামরূপ কামিক্ষে যাওয়াও সে।" — সপ্রসঙ্গ উক্তিটি ব্যাখ্যা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ *(যে-কোনো দুটি)* ১০×২=২০

(ক) 'দুষ্মন্তের প্রতি শকুন্তলা' পত্রের মূলভাব নিজের ভাষায় লেখো।

(খ) 'শকুন্তলা' অনুবাদ করতে গিয়ে বিদ্যাসাগর কী কী গ্রহণ এবং বর্জন করেছেন আলোচনা করো।

(গ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের কপালকুণ্ডলা চরিত্র আলোচনা করো।

(ঘ) 'সধবার একাদশী' নাটক অবলম্বনে হাস্যরস সৃষ্টিতে দীনবন্ধু মিত্রের কৃতিত্বের পরিচয় দাও।

(ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে বঙ্কিমচন্দ্র তৎকালীন বাঙালি সমাজের যে চিত্র তুলে ধরেছেন, তা বর্ণনা করো।

MOJAHARALI DHEKIL PHULMATI COLLEGE LIBRARY
Acc. No.
Date